LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার ১০ই সেপ্টেম্বর ২০১৭ ইং

ভবন সরাতে আরো এক বছর সময় চায় বিজিএমইএ

রাজধানীর বেগুনবাড়ী খালের ওপর নির্মিত বিজিএমইএর ভবনটি সরাতে আদালতের বেঁধে দেওয়া সময় শেষ হচ্ছে ১১ সেপ্টেম্বর। কিন্তু এখনো বিজিএমইএ ভবন আগের মতোই অবস্থান করছে। এ অবস্থায় ভবন সরাতে আরো এক বছর সময় চেয়ে আপিল বিভাগে আবেদন করেছে বিজিএমইএ। গতকাল শনিবার বিজিএমইএ ভবন নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে এসব তথ্য জানান সংগঠনটির সভাপতি মো. সিদ্দিকুর রহমান। তিনি আরো বলেন, 'বিজিএমইএ ভবন নিয়ে অনেক বিভ্রান্তি তৈরি হচ্ছে এ অবস্থা তুলে ধরতেই আজকের এ সংবাদ সম্মেলনের আয়োজন। 'উচ্চ আদালতের নির্দেশে গত মার্চ মাসে রাজধানীর হাতিরঝিল এলাকা থেকে কার্যালয় সরাতে বিজিএমইএকে ছয় মাস সময় বেঁধে দিয়েছিলেন আদালত। সেই হিসাবে আগামীকাল সোমবার সময় শেষ হওয়ার কথা। তবে গত ২৩ আগস্টে এক বছর সময় চেয়ে আদালতে আবেদন করে বিজিএমইএ। http://www.kalerkantho.com

আরো ঋণ চায় শীর্ষ খেলাপি ইলিয়াছ ব্রাদার্স

দেশের সবচেয়ে বড় ঋণখেলাপি প্রতিষ্ঠান চট্টগ্রামের মোহাম্মদ ইলিয়াছ ব্রাদার্স (প্রা.) লিমিটেড আরো ঋণ চায়। নতুন করে ঋণ নিয়ে ২০১১ সালে বন্ধ করে দেওয়া ভোজ্য তেল কারখানাটি আবারও চালু করতে চেয়েছে প্রতিষ্ঠানটি। এ জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মো. ইউনুসুর রহমানের কাছে আবেদন করেছেন ইলিয়াছ ব্রাদার্সের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মোহাম্মদ সামশুল আলম। কোনো রকম অর্থ পরিশোধ ছাড়াই খেলাপি ঋণ নিয়মিতকরণের অনুরোধও করেছেন তিনি।গত ৯ জুলাই জাতীয় সংসদের বাজেট অধিবেশনে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত দেশের শীর্ষ ১০০ জন ঋণখেলাপির তালিকা প্রকাশ করেন। ওই তালিকায় ১ নম্বরে থাকা ইলিয়াছ ব্রাদার্স গত বছরের এপ্রিল পর্যন্ত হিসাব অনুযায়ী সরকারি-বেসরকারি ১৫টি ব্যাংক থেকে মোট ৯১৪ কোটি ৭১ লাখ টাকা ঋণ নেয়। এর মধ্যে ৮০১ কোটি ৩৪ লাখ টাকাই খেলাপি।http://www.kalerkantho.com

ব্যবসায় শীর্ষে ৫ জীবন বীমা কোম্পানি

২০১৬ সালে জীবন বীমা খাতে দেশী প্রতিষ্ঠানগুলোর মধ্যে ব্যবসায় এগিয়ে আছে শেয়ারবাজারে তালিকাভুক্ত পাঁচ কোম্পানি। কোম্পানিগুলো হলো— ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স, ন্যাশনাল লাইফ, পপুলার লাইফ, ডেল্টা লাইফ ও মেঘনা লাইফ ইন্স্যুরেন্স।আইডিআরএ সূত্র জানায়, বিদায়ী বছরে দেশের সরকারি-বেসরকারি ৩২টি জীবন বীমা কোম্পানির নতুন প্রিমিয়াম সংগ্রহ প্রায় ১৯ শতাংশ বেড়েছে, যা আগের বছর বেড়েছিল মাত্র ৪ শতাংশ। সবচেয়ে বেশি নতুন প্রিমিয়াম সংগ্রহ করেছে বিদেশী বীমা কোম্পানি মেটলাইফ। গেল বছর কোম্পানিটি নতুন প্রিমিয়াম সংগ্রহ করেছে ৪৫৯ কোটি টাকা। দেশের একমাত্র সরকারি জীবন বীমা প্রতিষ্ঠান জীবন বীমা করপোরেশন ১১০ কোটি টাকা নতুন প্রিমিয়াম সংগ্রহ করে অষ্টম স্থানে রয়েছে।জানা যায়, বরাবরের মতো এবারো জীবন বীমা ব্যবসায় শীর্ষ অবস্থান ধরে রেখেছে ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স। এর আগে ২০১৫ ও ২০১৪ সালেও ব্যবসার শীর্ষ অবস্থানে ছিল কোম্পানিটি।আইডিআরএর তথ্য অনুযায়ী, ফারইস্ট ইসলামী লাইফ ২০১৬ সালে নতুন প্রিমিয়াম সংগ্রহ করে ৩২৫ কোটি ও নবায়ন প্রিমিয়াম সংগ্রহ করে ৬০০ কোটি টাকা। আলোচ্য সময়ে কোম্পানিটি

মোট প্রিমিয়াম সংগ্রহ করে ৯২৫ কোটি টাকা। এর আগের বছর অর্থাত্ ২০১৫ সালে নতুন প্রিমিয়াম সংগ্রহ করে ২৫৬ কোটি ২০ লাখ ও নবায়ন প্রিমিয়াম ৫৯৩ কোটি ৩৬ লাখ টাকা। সে বছর তাদের মোট প্রিমিয়াম সংগ্রহ হয় ৮৪৯ কোটি ৫৬ লাখ টাকা।http://bonikbarta.net

তদন্তে প্রমাণ হলেও জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেই কর্তৃপক্ষের

চট্টগ্রাম বন্দরে শুল্ক পরিশোধ না করে পণ্যভর্তি কনটেইনার বের করে নিয়ে যাওয়া ও আমদানিকৃত পণ্য বন্দর থেকে চুরি হওয়ার ঘটনা ঘটছে অহরহ। নজরদারিতে থাকা কনটেইনারের পাশাপাশি নিলামে তোলা কনটেইনার বন্দরের নিরাপত্তা বেষ্টনী এলাকা থেকে উধাও হয়ে যাওয়ার ঘটনাও কম নয়। বন্দর ও কাস্টমসের কিছু অসাধু কর্মকর্তার যোগসাজশে এসব কনটেইনার উধাও বা পাচারের ঘটনা ঘটলেও বন্দর কর্তৃপক্ষের পক্ষ থেকে এখন পর্যন্ত উল্লেখযোগ্য কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। এমনকি বিভিন্ন তদন্ত প্রতিবেদনে একাধিক কর্মকর্তার জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলেও তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা না নেয়ার কারণেই এ ধরনের ঘটনা বারবার ঘটছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।http://bonikbarta.net

জমে উঠেছে যশোরের রাজারহাটের চামড়া বাজার

কোরবানির ঈদ-পরবর্তী দ্বিতীয় হাটে জমে উঠেছে যশোরের রাজারহাটের চামড়ার বাজার। গতকাল এখানে প্রায় ৫ কোটি টাকার চামড়া কেনাবেচা হয়েছে। এখানকার খুচরা ব্যবসায়ীদের মধ্যেও দেখা যাচ্ছে স্বস্তি। মঙ্গলবার অনুষ্ঠিত ঈদ-পরবর্তী প্রথম হাটের তুলনায় গতকাল এখানে চামড়ার দামও ছিল বেশ উর্ধ্বমুখী।খুলনা বিভাগের সবচেয়ে বড় এবং দেশের দ্বিতীয় বৃহত্তম চামড়ার বাজার বসে যশোরের রাজারহাটে। সপ্তাহে দুদিন— শনি ও মঙ্গলবার এখানে চামড়ার কেনাবেচা চলে। কোরবানির ঈদ-পরবর্তী সময়ে এ বাজারের দিকে নজর থাকে দেশের শীর্ষস্থানীয় চামড়া ব্যবসায়ীদের। মঙ্গলবার ঈদ-পরবর্তী প্রথম হাটে খুব একটা প্রাণচাঞ্চল্য না থাকলেও রাজারহাটে গতকাল দ্বিতীয় হাট বেশ জমে ওঠে। তবে বাজারে এবার চামড়ার সরবরাহ গত বছরের তুলনায় বেশ কম বলে মনে করছেন ব্যবসায়ীরা।http://bonikbarta.net

দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্থনীতিতে চীনা নির্ভরতা বাড়ছে

শিয়ার দ্রুত বিকাশমান অর্থনীতির দেশগুলোর মধ্যে দ্বিতীয় অবস্থানে উঠে এসেছে ফিলিপাইন। দুই বছরের সর্বোচ্চে পৌঁছে গেছে মালয়েশিয়ার প্রবৃদ্ধি। পিছিয়ে নেই থাইল্যান্ডও। চার বছরেরও বেশি সময় পর সবচেয়ে দ্রুতগতির প্রবৃদ্ধি অর্জিত হয়েছে দেশটিতে। বিভিন্ন পরিসংখ্যান বলছে, দক্ষিণ-পূর্ব এশীয় অর্থনীতির উত্থানের পেছনে মূল চালিকাশক্তি হিসেবে কাজ করছে চীন। কাঠামোগতভাবে গোটা অঞ্চল দুর্বল অবস্থানে থাকলেও অর্থনৈতিক দিক দিয়ে সর্বত্র চীনা উপস্থিতি দেশগুলোর উত্তরণে সহায়ক ভূমিকা পালন করছে। এতে স্বল্পমেয়াদে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো উপকৃত হলেও এ অঞ্চলে চীনের আধিপত্য যেমন বিস্তৃত হচ্ছে, তেমনিভাবে চীনা নীতি অনুসরণে দেশগুলোর ওপর চাপ বাড়ছে প্রতিনিয়ত। খবর ব্যাংকক পোস্ট।http://bonikbarta.net

ওপেকের চুক্তি বাস্তবায়নে রফতানি আরো কমাবে সৌদি আরব

আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দরপতনের লাগাম টানা কোনোভাবেই সম্ভব হচ্ছে না। কাজে আসছে না পণ্যটির রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজভুক্ত (ওপেক) দেশগুলোর উত্তোলন হ্রাস সংক্রান্ত চুক্তিও। এ কারণে চুক্তির ভবিষ্যত্ নিয়ে প্রশ্ন উঠেছে। পণ্যটির ক্রমাগত দরপতনের লাগাম টানতে শীর্ষ উত্তোলনকারী ও রফতানিকারক দেশ সৌদি আরব আগের বছরের একই সময়ের তুলনায় জ্বালানি তেলের উত্তোলন ও রফতানি দুটোই কমিয়েছে। এরই ধারাবাহিকতায় আগামী অক্টোবরেও দেশটি থেকে বিশ্বব্যাপী অপরিশোধিত জ্বালানি তেলের রফতানি কমবে দৈনিক অন্তত ৩ লাখ ৫০ হাজার ব্যারেল। আন্তর্জাতিক বাজারে পণ্যটির চাহিদা ও সরবরাহে ভারসাম্য এনে দরপতনের লাগাম টানতেই সৌদি প্রশাসন এ উদ্যোগ নিচ্ছে বলে দেশটির জ্বালানি খাত-সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে। খবর রয়টার্স।http://bonikbarta.net